

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 21-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Tripura Statehood Day:

আজ ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানে সমাজের বিশিষ্ট ব্যক্তিদের বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য পুরস্কার প্রদান করা হবে।

রাজ্য নাগরিক পুরস্কারের মধ্যে ত্রিপুরা বিভূষণ সম্মান বিশিষ্ট শিক্ষাবিদ প্রয়াত ধীরেন্দ্র চন্দ্র দত্তকে প্রদান করা হবে, ত্রিপুরা ভূষণ সম্মান রাজ্য বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনকে প্রদান করা হবে। বিশিষ্ট চিত্রনাট্য লেখক বিপ্লব গোস্বামীকে শচীন দেববর্মণ স্মৃতি রাজ্য সম্মান প্রদান করা হবে। তাছাড়া স্টার্টআপ, জৈব প্রযুক্তি, মৎস্য চাষ, পশুপালন, হস্ততঁাত ও হস্তকারু, মোমাছি পালন, ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ ইত্যাদি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কার প্রদান করা হবে।

এদিকে, আজ বিকেল আগরতলায় লোকভবনে ত্রিপুরা, মনিপুর ও নাগাল্যান্ডের পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে।

CM- Massage of Tripura StateHood Day :

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, '১৯৭২ সালের ২১ জানুয়ারি ত্রিপুরা পূর্ণরাজ্যের স্বীকৃতি লাভ করে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইন্সট পলিসির ফলে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের উন্নত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সার্বিক উন্নয়নের কাজ ত্বরান্বিত হচ্ছে। ২০১৮ সালে নতুন সরকার ক্ষমতাসীন হওয়ার পর কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, পরিকাঠামো উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন, জনজীবনে নিরাপত্তা প্রদান ও স্বনির্ভরতা অর্জন প্রতিটি ক্ষেত্রেই ত্রিপুরা আজ দেশের অন্যতম রাজ্য হিসাবে চিহ্নিত হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, সরকারের মূল লক্ষ্য হচ্ছে, প্রতিটি মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন, অর্থনীতির বিকাশ, রাজ্যের নিজস্ব সম্পদের সদ্যবহার এবং স্বচ্ছ প্রশাসনের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। বিকশিত ভারত গড়ার লক্ষ্যকে সামনে রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত পথে নতুন ত্রিপুরা গড়ার সংকল্পে অঙ্গীকারবদ্ধ হতে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান।

BJP New President:

নীতিন নবীন ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি হিসেবে দায়িত্ব ভার গ্রহণ করেছেন। দলের জাতীয় রিটার্নিং অফিসার ডঃ কে লক্ষ্মণ গতকাল নতুনদিল্লিতে বিজেপি সদর দপ্তরে শ্রী নবীনের দলীয় সভাপতি হিসেবে নিয়োগ ঘোষণা করেন এবং তাঁকে নির্বাচনের শংসাপত্র প্রদান করেন। বিজেপির বরিষ্ঠ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জেপি নাড্ডা ও নিতিন গড়কারি শ্রী নবীনকে সংবর্ধনা জানান।

CM meet BJP president :

গতকাল দিল্লিতে বিজেপির সদর দপ্তরে উপস্থিত হয়ে নবনির্বাচিত জাতীয় সভাপতি নীতিন নবীনকে অভিনন্দন জানালেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি জানান, বিজেপির নবনির্বাচিত জাতীয় সভাপতি নীতিন নবীনের দূরদর্শী ও প্রেরণাদায়ক নেতৃত্ব দলের সংগঠনকে নতুন দিশা দেখাবে। দলের কর্মী-সমর্থকদের মধ্যে গর্ব ও আশার সঞ্চার করবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, বিজেপির মহান আদর্শ ও সংগঠনকে আগামী দিনে আরও উচ্চতায় পৌঁছে দিতে নীতিন নবীনের নেতৃত্বে দল সফল হবে।

Indian Railway OSOP:

ভারতীয় রেলওয়ের 'এক স্টেশন এক পণ্য' (OSOP) প্রকল্প স্থানীয় কারুশিল্পকে উৎসাহিত করা এবং দেশের বিভিন্ন স্থানে স্থায়ী জীবিকা সৃষ্টিতে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

রেলওয়ে মন্ত্রক জানিয়েছে যে OSOP প্রকল্পটি ২০০০টিরও বেশি রেলওয়ে স্টেশনে সম্প্রসারিত হয়েছে, যা ১ লাখ ৩২ হাজারেরও বেশি কারিগর, বয়ন শিল্পী এবং ছোট উৎপাদকদের দৈনিক লক্ষাধিক সংখ্যক রেলযাত্রীর মাধ্যমে সরাসরি বাজারে প্রবেশাধিকারের সুযোগ তৈরি করছে। মন্ত্রক আরও জানিয়েছে, যে ব্যবসা ও সংস্কৃতিকে একত্রিত করে রেলওয়ে স্টেশনগুলোকে স্থানীয় উদ্যোগের কেন্দ্র হিসেবে রূপান্তরিত করেছে এই প্রকল্প। ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট উদ্যোগটি 'ভোকাল ফর লোকাল' ধারণাকে প্রতিফলিত করে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্বা। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সূচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

National school gymnastics:

পশ্চিমবঙ্গের গার্ডেনরিচ স্পোর্টস কমপ্লেক্সে অনুষ্ঠিত ৬৯ তম জাতীয় স্কুল ক্রীড়ার আসরে জিমনাস্টিক্সে সাফল্য পেয়েছে ত্রিপুরার মেয়ে শ্রেয়াংসী রায়। অনূর্ধ্ব চৌদ্দ ব্যক্তিগত বিভাগে দু’টি সোনা একটি রূপো ও একটি ব্রোঞ্জ পদক জয় করে রাজ্যের মুখ উজ্জ্বল করেছে এই খুদে জিমনাস্ট। উল্লেখ্য, স্কুল গেমস ফেডারেশন অফ ইন্ডিয়া আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন হয় গত সোমবার। গতকাল শেষ দিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের অলিম্পিয়ান জিমনাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৫ ডিগ্রি সেলসিয়াস। যা ছিল স্বাভাবিকের চাইতে ১.৩

ডিগ্রি বেশি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি। কোনও
সতর্ক বার্তা নেই।
